

G20 Foreign Ministers' Extraordinary Meeting (Virtual) on Strengthening International Cooperation Across Borders

September 03, 2020

সীমান্ত পারের আন্তর্জাতিক সহযোগিতাকে শক্তিশালী করার জন্য জি20-র বিদেশমন্ত্রীদের অসাধারণ বৈঠক (ভার্চুয়াল)

সেপ্টেম্বর 03, 2020

সেপ্টেম্বর 03, 2020 তারিখে বর্তমানে জি20-র সভাপতি, সৌদি আরবে জি20-র বিদেশমন্ত্রীদের অসাধারণ বৈঠকের আয়োজন করেছিলেন। সৌদি আরবের বিদেশমন্ত্রী মহামান্য প্রিন্স ফৈসাল বিন ফারহান আল-সুদ বৈঠকের সভাপতিত্ব করেছিলেন। ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন বিদেশমন্ত্রী ড.এস. জয়শংকর।

COVID-19 অতিমারির প্রেক্ষাপটে ভার্চুয়াল বৈঠকটির আহ্বান করা হয়েছিল। আলোচনার কেন্দ্রবিন্দু ছিল COVID-19 সংকটের অব্যবহিত পরেই সীমান্ত পেরিয়ে আন্তর্জাতিক সহযোগিতাকে শক্তিশালী করা। মন্ত্রীরূপে তাদের রাষ্ট্রীয় অভিজ্ঞতাকেও নিজেদের মধ্যে বিনিময় করেছেন এবং COVID-19 অতিমারির প্রতিক্রিয়ায় সীমান্ত পারের গৃহীত পরিচালন পদক্ষেপগুলির বিষয়ে শিক্ষা গ্রহণ করেছেন।

বিদেশ মন্ত্রী তার বক্তব্যে এই COVID-19 অতিমারিকে সামলাবার জন্য জি20 দেশগুলিকে একত্রিত করার ক্ষেত্রে অতিসক্রিয় ভূমিকা গ্রহণের জন্য সৌদি আরবকে প্রশংসা করেছেন।

অতিমারির প্রাদুর্ভাবের অব্যবহিত পরেই ভারত দ্বারা গৃহীত পদক্ষেপগুলির উপরে বিদেশমন্ত্রী রেখাপাত করেছেন। এখানে আটকে পরা বিদেশী নাগরিক এবং সেই সাথে বিদেশে আটকে পরা নিজের দেশের নাগরিকদের কল্যাণ এবং সুরক্ষা প্রদানের জন্য বন্দে ভারত মিশন এবং ট্রাভেল বাবল গঠন করা সহ ভারতের গৃহীত পদক্ষেপগুলি তিনি জি20 বিদেশমন্ত্রীদের জ্ঞাপন করেছেন।

বিদেশী ছাত্রছাত্রীদের স্বার্থ সুরক্ষিত রাখতে এবং আটকে পরা নাগরিকদের তাদের নিজ দেশে প্রত্যগমনে সুবিধাপ্রদানের জন্য বিদেশ মন্ত্রী বিশ্বের সকল সরকারকে আহ্বান করেছেন।

বিদেশমন্ত্রী, a) পরীক্ষা পদ্ধতির আদর্শমান নির্ণয় এবং পরীক্ষার ফলাফলের সার্বিক গ্রহণযোগ্যতা b) নিভৃতবাসের আদর্শগতমান নির্ণয়; c) 'ট্রানজিট প্রোটকল'-এর আদর্শগত মান নির্ণয়, এই তিনটি উপাদান সহ স্বতঃপ্রবৃত্ত 'সীমান্তপারে জনগণের গতিবিধির সমন্বয়ে জি20 -র নীতি' বিকাশেরও প্রস্তুতি দিয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 03, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.